

ভাইস-চ্যান্সেলরের কার্যালয়,
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ১৪৪০

তারিখঃ ২২/১২/২০০৫ ইং

১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির

জন্য গত ১৭ই ডিসেম্বর, ২০০৫ ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একাডেমিক কাউন্সিলের
অনুমোদন সাপেক্ষে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে ভর্তির জন্য নির্বাচিত করা হইল। এই ফলাফল ওয়েব সাইটেও
(www.ruet.ac.bd) পাওয়া যাইবে।

সংশ্লিষ্ট প্রার্থীদের নিম্নবর্ণিত নির্ধারিত তারিখসমূহে সকাল ৯.০০ (নয়) ঘটিকায় প্রসপেক্টাস মোতাবেক ভর্তির সময়
প্রদেয় যাবতীয় সনদপত্র-এর মূলকপি (সত্যায়িত ব্যতিরেকে তিন কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবিসহ) নির্ধারিত
কমিটির নিকট যাচাইয়ের জন্য দাখিল করিতে হইবে। অন্য প্রতিষ্ঠানে ভর্তিকৃত প্রার্থীদের উক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের
নিকট হইতে ছাড়পত্র আনিতে হইবে। সনদপত্রাদি যাচাইয়ের পর একই তারিখে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হইলে
ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা প্রদানপূর্বক তাহাদিগকে ভর্তি
হইতে হইবে। ভর্তির সময় বিভাগীয় সমিতির চাঁদা বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও ভর্তি ফিস সহ সর্বমোট
আনুমানিক ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা লাগিবে।

কাগজপত্রে কোন প্রকার ঘাটতি থাকিলে এবং নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রার্থী ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার

ভর্তির যোগ্যতা বাতিল হইয়া যাইবে এবং তাহার স্থলে অপেক্ষমান তালিকা হইতে ভর্তি করা হইবে। তবে যদি কোন
প্রার্থীর সনদ-পত্রাদি অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে জমা থাকে তাহা হইলে উক্ত প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে
বিভাগীয় প্রধান) এর নিকট হইতে এই মর্মে সার্টিফিকেট আনিতে হইবে যে, সে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইলে তাহাকে
ছাড়পত্র দেওয়া হইবে এবং তাহার সনদপত্রসমূহ ফেরৎ দেওয়া হইবে।

মেধা তালিকা হইতে ভর্তির পর আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা (Waiting List) হইতে
মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে ভর্তি করা হইবে। আসন খালি থাকা সাপেক্ষে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অপেক্ষমান তালিকা
যথাক্রমে ০৫/০১/২০০৬ইং, ১৯/০১/২০০৬ ইং ও ২৭/০১/২০০৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানো
হইবে এবং প্রার্থীদেরকে নিজ দায়িত্বে নোটিশ বোর্ড হইতে ফলাফল জ্ঞানিয়া লইতে হইবে।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই-এর সময় তাহাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরমে সংগ্রহ
করা হইবে। বিভাগ নির্ধারণ মেধা ও পছন্দের ক্রম অনুসারে হইবে। প্রাথমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদেরকে যে বিভাগই প্রদান
করা হউক না কেন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে তাহাদের মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ চূড়ান্ত
করা হইবে। তবে কেহ কোন পর্যায়ে তাহার প্রাপ্ত বিভাগ পরিবর্তনে আগ্রহী না হইলে তালিকা প্রকাশের পরবর্তী ২ (দুই)
কার্য দিবসের মধ্যে শিক্ষা শাখায় নির্ধারিত ফরমে আবদেদন করিতে হইবে।

বিশেষ দৃষ্টব্য : ১। অসমবধানভাবশতঃ কোন প্রকার তুল্যক্রমটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক যে কোন
সময় সংশোধনযোগ্য।

২। অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট খালি না থাকিলে ছাত্র/ছাত্রীদের নিজ
দায়িত্বে থাকা- খাওয়ার ব্যবস্থা করিতে হইবে।

